

B.A. 4th Semester (Honours) Examination, 2023 (CBCS)

বিষয় : বাংলা

Course : CC-8

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৬০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মানের নির্দেশক।

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

(ক) 'এমনি দুই পাখি / দৌঁহারে ভালোবাসে'

'দৌঁহারে' কথার অর্থ কী? শব্দটি দ্বারা কাদের বোঝানো হয়েছে?

(খ) 'কেন রে বিধাতা পাষণ হেন'...

কোন কবিতার অংশ? বিধাতাকে পাষণ বলা হয়েছে কেন?

(গ) 'মেঘদূত' কোন কাব্যগ্রন্থের কবিতা? কবিতায় কোন প্রাচীন কবির নাম উল্লিখিত হয়েছে?

(ঘ) 'মনে হল আকাশ-পানে চেয়ে'

আকাশ-পানে চেয়ে কার কী মনে হল?

(ঙ) 'ভীতু, ভীতু, ভীতু কোথাকার'!

কোন কবির রচনা? কাকে ভীতু বলা হয়েছে?

(চ) 'আমি আনন্দিত'

কোন কবির কোন কবিতার অংশ? কবির আনন্দের কারণ কী?

(ছ) 'তবু মনে হয় যেন সেদিন সকাল'।

বক্তা কে? কোন ঘটনাকে বক্তা 'সেদিন সকাল' বলেছেন?

(জ) 'বনলতা সেন' কোন কাব্যগ্রন্থের কবিতা? কবিতায় যেসব প্রাচীন নগরের নাম আছে তার উল্লেখ করো।

(ঝ) 'একবেণী হিয়া ছাড়ে না মলিন কাঁথা।'

হিয়াকে একবেণী বলার কারণ কী?

(ঞ) 'একদিন যেওনা হারিয়ে'

কবি কেন, কোথায় হারানোর কথা বলেছেন?

(ট) 'তোমার আকাশ দাও ...'

কোন কবিতার অংশ? এখানে 'তোমার' বলতে কার কথা বলা হয়েছে?

(ঠ) 'এবার যুদ্ধ তোমার আর আমার জন্যে।'

— বক্তা কে? এখানে কোন যুদ্ধের কথা বলা হয়েছে?

(৬) 'তোমাকে আমি দেখি না কত যুগ।'

'তোমাকে' বলতে কাকে বোঝানো হয়েছে? অংশটি কোন কবিতার অন্তর্গত?

(৭) 'আমার সন্ততি স্বপ্নে থাক।'

'সন্ততি' কথাটির অর্থ কী? এখানে কার সন্ততির কথা বলা হয়েছে?

(৮) 'এসবই আমার পুরনো পোশাক'

কবির পুরনো পোশাকগুলি কী?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

(ক) 'ভাঙ ভাঙ ভাঙ কারা, আঘাতে আঘাত কর।'

কোন কবিতার অংশ? কবি এখানে কোন 'কারা' ভাঙার কথা বলেছেন?

(খ) 'দুই পাখি' কবিতায় দুটি পাখির কথোপকথনের মধ্য দিয়ে কোন সত্যকে কবি প্রতিষ্ঠিত করতে চেয়েছেন?

'দুই পাখি' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?

(গ) 'কোনোদিন ব্যাঙের খাঁটি কথাটি কি পেরেছি লিখতে'

বক্তা কে? 'ব্যাঙের খাঁটি কথাটি' কী?—আলোচনা করো।

(ঘ) 'মেলাবেন তিনি মেলাবেন।'

অংশটির তাৎপর্য ব্যাখ্যা করো। কবিতাটি কোন পত্রিকায় প্রকাশিত হয়েছিল?

(ঙ) 'সমস্ত ট্রাফিক তুমি মন্ত্রবলে থামিয়ে দিয়েছ।'

কে কীভাবে ট্রাফিক থামিয়ে দিয়েছিল তা কবিতা অবলম্বনে আলোচনা করো।

(চ) 'স্বপ্নেও যে তোমার দেখা নেই।'

কোন কবিতার অংশ? এখানে কার কথা বলা হয়েছে? স্বপ্নে কবির চোখে তার যে রূপ ধরা পড়েছে তার পরিচয় দাও।

৩। নীচের প্রশ্নগুলির উত্তর দাও :

১০×২=২০

(ক) 'বিদায় অভিশাপ' কবিতাটির নামকরণের তাৎপর্য বিশ্লেষণ করো।

অথবা

'তুমি দ্বিজোত্তম, তুমি সত্যকুলজাত' — সমগ্র কবিতাটি অবলম্বনে এই উদ্ধৃতিটির বক্তা-চরিত্রের পরিচয় দাও।

(খ) 'বনলতা সেন' কবিতায় কবির প্রেমচেতনার স্বরূপ আলোচনা করো।

অথবা

'একখানা হাত' কবিতাটিতে জীবনের অপূর্ণতার বেদনা যেভাবে প্রকাশ পেয়েছে তা আলোচনা করো।